

India delivers next batch of medical assistance to Afghanistan

January 07, 2022

আফগানিস্তানে ভারতের পরবর্তী ব্যাচের চিকিৎসা সহায়তা প্রেরণ
জানুয়ারি 07, 2022

আফগান জনগণকে আমাদের জারি থাকা মানবিক সহায়তার অঙ্গ হিসেবে ভারত আজ আফগানিস্তানে তৃতীয় খেপের চিকিৎসা সহায়তা হিসেবে দুই টন অত্যাবশ্যিক জীবনদায়ী ওষুধ প্রেরণ করেছে। ওষুধগুলি কাবুলের ইন্দিরা গান্ধী হাসপাতালের হাতে তুলে দেওয়া হয়েছে।

2. ভারত আফগানিস্তানের জনগণের সাথে বিশেষ সম্পর্ক ও তাদের মানবিক সহায়তা দেওয়া বজায় রাখার ক্ষেত্রে অঙ্গীকার বদ্ধ। এই প্রচেষ্টাতে সাম্প্রতিক কালে আমরা আফগানিস্তানে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (হু)-এর মাধ্যমে 500,000 ডোজ কোভিড ভ্যাকসিন এবং 1.6 টন চিকিৎসা সহায়তা পাঠিয়েছি। আগামী কয়েক সপ্তাহের মধ্যে আমরা আফগানিস্তানে ওষুধ এবং খাদ্যশস্য সহ আরও অনেক খেপের মানবিক সহায়তা পাঠাবো।

নিউ দিল্লি

জানুয়ারি 7, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.